

নং- ০৭.১৮৫.০১৬.০০.০০.০০১.২০১৬-০৫

তারিখঃ- ১৩/০১/২০১৬ খ্রিঃ ।

বিষয়ঃ- বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৬-এ অন্তর্ভুক্তির জন্য তথ্যাদি/পরিসংখ্যানসহ প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় জাতীয় বাজেট দলিলাদির সাথে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা শীর্ষক একটি প্রকাশনা ২০১৬-১৭ অর্থবছরের বাজেট অধিবেশনে পেশ করা হবে। সে লক্ষ্যে ইতোমধ্যে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা (বাংলা ) ২০১৬ প্রণয়নের কাজ হাতে নেয়া হয়েছে। দেশের আর্থ-সামাজিক অগ্রগতি ও সামষ্টিক অর্থনীতির গতি প্রকৃতি বিশেষত: জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে গৃহীত কর্মসূচি, উন্নয়ন নীতি ও কৌশল, সংস্কারমূলক কার্যক্রম, লক্ষ্যমাত্রা (উৎপাদন, আয়, ব্যয়, প্রবৃদ্ধি, ইত্যাদি) এবং অর্জিত ফলাফল বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৬-এ- তুলে ধরা হবে। সামষ্টিক অর্থনীতির গুরুত্বপূর্ণ বিষয়াদি ও অর্থনীতির গুরুত্বপূর্ণ খাত পর্যালোচনার পাশাপাশি সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে দারিদ্র্য বিমোচন, মানব সম্পদ উন্নয়ন এবং বেসরকারি খাত উন্নয়ন সম্পর্কিত তথ্যাদিও সমীক্ষায় উপস্থাপন করা হবে।

২। এ প্রকাশনায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতির প্রাসঙ্গিক পরিসংখ্যানগত তথ্য ও বর্ণনা অন্তর্ভুক্ত করা হবে। অর্থনৈতিক সমীক্ষা-২০১৬ এর জন্য প্রয়োজনীয় তথ্য ও বর্ণনা সম্বলিত প্রতিবেদন প্রণয়নের সুবিধার্থে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৫ এ প্রকাশিত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট অংশ এতৎসঙ্গে সংযুক্ত করা হলো। প্রেরিতব্য প্রতিবেদনে যে বিষয়গুলো অন্তর্ভুক্ত করা প্রয়োজন তার একটি তালিকা নিম্নে দেয়া হল:

- (ক) ২০০১-০২ হতে ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত বিভিন্ন কার্যক্রম/কর্মসূচির বছরভিত্তিক লক্ষ্যমাত্রা এবং প্রকৃত অগ্রগতির তুলনামূলক (হ্রাস/বৃদ্ধির) পরিসংখ্যান, তথ্য ও বিবরণ (Write-up);
- (খ) ২০১৫-১৬ অর্থবছরের বিভিন্ন কার্যক্রম/কর্মসূচির লক্ষ্য ও সর্বশেষ অর্জিত অগ্রগতির তুলনামূলক (হ্রাস/বৃদ্ধির) পরিসংখ্যান, তথ্য ও বিবরণ (Write-up), চার্ট, সারণি ও ক্ষেত্র বিশেষে বক্সসহ;
- (গ) সাম্প্রতিককালে গৃহীত আর্থিক সংস্কার/নীতি এবং সুশাসন সংক্রান্ত কার্যক্রমের (২০১৫-১৬ অর্থবছরের) বিশদ বিবরণ;
- (ঘ) দারিদ্র্য বিমোচন, ক্ষুদ্র ঋণ ও বেসরকারিকরণ বিষয়ে গৃহীত/প্রণীতব্য কার্যক্রম থাকলে তথ্যসহ তার বিশদ বিবরণ;
- (ঙ) তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসারের জন্য ইতোমধ্যে গৃহীত ও গৃহীতব্য কার্যক্রমের বিশদ বিবরণী;
- (চ) জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত হালনাগাদ তথ্যসহ পরিবেশ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়াদি;
- (ছ) প্রযোজ্যক্ষেত্রে সার্ক দেশসমূহের তুলনামূলক চিত্র/পরিসংখ্যান উপস্থাপন।

৩। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০১৬ এর প্রতিটি অধ্যায়ের শুরুতে অধ্যায়ের শিরোনাম এবং বিষয়বস্তুর সাথে সঙ্গতি রেখে বিভিন্ন রঞ্জিন ছবি সংযোজন করা হবে। ফলে সমীক্ষা ২০১৬-কে আরও তথ্য নির্ভর, সমন্বিতযোগ্য ও আকর্ষণীয় করার জন্য উল্লেখযোগ্য উন্নয়ন কর্মকাণ্ডের ছবি (যদি থাকে) প্রতিবেদনের সাথে সংযোজন করা যেতে পারে।

৪। উপর্যুক্ত বর্ণনার আলোকে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০১৬ এ অন্তর্ভুক্তির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ফেব্রুয়ারি ২০১৬ পর্যন্ত হালনাগাদ তথ্য-উপাত্তসহ বিশ্লেষণমূলক প্রতিবেদন আগামী ১০ মার্চ ২০১৬ তারিখের মধ্যে অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ (কক্ষ নং-১২২০, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বরাবর এবং প্রতিবেদনের সফট কপি (অব্রফন্টে) ই-মেইলে ([amonsur@finance.gov.bd](mailto:amonsur@finance.gov.bd)), ([fazlulh@finance.gov.bd](mailto:fazlulh@finance.gov.bd)), ([minhajjayed@yahoo.com](mailto:minhajjayed@yahoo.com)), ([rharun@finance.gov.bd](mailto:rharun@finance.gov.bd)) প্রেরণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ জানানো হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।



২৬/০২/২০১৬

(মো: সামছুল করিম ভূঁইয়া)

অর্থনৈতিক উপদেষ্টা

ফোনঃ ৯৫৭৬৫৫২

**বিতরণ:**

.....

.....

.....

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অর্থনৈতিক উপদেষ্টা মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩. অফিস কপি।